# নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৯। আল্লাহর দিকে আহবান করে কাফের শাসকদের নিকট বার্তা প্রেরণ (الكتابة إلى ملوك الكفار بالدعوة إلى الله)

আল্লাহ তা'আলা সাবার রাণীর কথা উল্লেখ করে বলেন:

(قَالَتْ يَاأَيُّهَا الْمَلَأُ إِنِّي أُلْقِيَ إِلَيَّ كِتَابٌ كَرِيمٌ (29) إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (30) أَلَّا تَعْلُوا عَلَيَّ وَأْتُونِي مُسْلِمِينَ (31)) [النمل: 29 ـ 31].

'সে বলল, হে পরিষদবর্গ! নিশ্চয় আমাকে এক সম্মানজনক পত্র দেয়া হয়েছে। (২৯) নিশ্চয় এটা সুলাইমানের পক্ষ থেকে। আর নিশ্চয় এটা পরম করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে। (৩০) যাতে তোমরা আমার প্রতি উদ্ধত না হও এবং অনুগত হয়ে আমার কাছে আস' (সূরা আন-নামল: ২৯-৩১)।

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنّ نَبِيّ الله ـ صلى الله عليه وسلم ـ كَتَبَ إِلَى كِسْرَى، وَإِلَى قَيْصَرَ، وَإِلَى النّجَاشِي، وَإِلَى كُلّ جَبّارٍ، يَدْعُوهُمْ إِلَى اللهِ تَعَالَى. أخرجه مسلم برقم (1774)

আনাস (রা.) হতে বর্ণিত যে, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কিসরা (পারস্যের সম্রাট), কায়ছার (রোমের সম্রাট) ও নাজাশী এবং অন্যান্য প্রভাবশালী শাসকগণের নিকট পত্র লিখেন, যাতে তিনি তাদের আল্লাহর দিকে দা'ওয়াত দেন (ছহীহ মুসলিম, হা/১৭৭৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9350

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন